



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



ঢাশিৰো/বি/১৮১/ঢাকা/ ৪৪৪

তারিখ: ২৮ - ০৪ - ২০২২

বিষয়: প্রধান শিক্ষক পদে দায়িত্ব হস্তান্তর প্রসঙ্গে।

সূত্র: ১. বোর্ডের স্মারক নং ঢাশিৰো/বি/১৮১/ঢাকা/৫৫২ তারিখ: ১১/১০/২০২১ এর মাধ্যমে প্রেরিত পত্র।

২. তদন্ত প্রতিবেদন সুপারিশ।

৩. বোর্ডের স্মারক নং ঢাশিৰো/বি/১৮১/ঢাকা/১৫১ তারিখ: ০৩/০৩/২০২২ এর মাধ্যমে প্রেরিত পত্র।

৪. মো. জিয়াউল হক জিয়া কর্তৃক ১৮/০৪/২০২২ তারিখের দাখিলকৃত আবেদন।

৫. দেওয়ানী মোকদ্দমা নং-৩৭২/২০২২ তারিখ: ১৫/০৩/২০২২ এর আদেশ।

৬. বোর্ডের আইন উপদেষ্টার মতামত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ঢাকা মহানগরীর কদমতলী থানাধীন “সালাহউদ্দিন আহমেদ উচ্চ বিদ্যালয়” এ সূত্রোক্ত (১) নং ক্রমিকে উল্লিখিত পত্রের নির্দেশনা মোতাবেক গঠিত তদন্ত কমিটি সরেজমিনে তদন্ত পূর্বক প্রতিবেদন দাখিল করেছেন। দাখিলকৃত তদন্ত প্রতিবেদনের আলোকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা (৩) নং ক্রমিকে উল্লিখিত প্রেরিত পত্রের মাধ্যমে “প্রধান শিক্ষক পদে দায়িত্ব হস্তান্তর প্রসঙ্গে” পত্র ইস্যু করা হয়।

বোর্ড কর্তৃক প্রেরিত (৩) নং ক্রমিকে উল্লিখিত পত্রের আদেশের বিরুদ্ধে জনেক হাসিনা আখতার বাদী হয়ে মোকাম : সিনিয়র সহকারী জজ, ৬ষ্ঠ আদালত, ঢাকায় দেওয়ানী মোকদ্দমা নং-৩৭২/২০২২ দায়ের করেন। উক্ত মোকদ্দমায় গত ১৫/০৩/২০২২ তারিখের আদেশে বোর্ড কর্তৃক (৩) নং ক্রমিকে উল্লিখিত পত্র মূলে উক্ত মামলার ১ নং বিবাদীর (মোঃ মিজানুর রহমান) নিকট দায়িত্ব হস্তান্তর আদেশ ছাগিত করা হয় এবং ১নং বিবাদীকে (মোঃ মিজানুর রহমান) বিদ্যালয়ের অফিস দখল করা হতে বারিত করা হয়।

দেওয়ানী মোকদ্দমা নং-৩৭২/২০২২ তারিখ: ১৫/০৩/২০২২ এর আদেশ অনুসরণ পূর্বক বোর্ড কর্তৃক প্রেরিত (৩) নং ক্রমিকে উল্লিখিত পত্রের আদেশটি ছাগিত করা হলো।

যেহেতু উক্ত মোকদ্দমাটি বিচারাধীন এবং চূড়ান্ত কোন আদেশ না থাকায় বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০২১ এর ১৩ (জেষ্ঠ্যতা ও অভিজ্ঞতা নির্ধারণ) অনুচ্ছেদ অনুসরণ পূর্বক সহকারী প্রধান শিক্ষক অথবা সহকারী প্রধান শিক্ষকের অনুপস্থিতে এম.পি.ও ভূজ শিক্ষকদের মধ্যে জেষ্ঠ্যতম সহকারী শিক্ষক “প্রধান শিক্ষক (ভারপ্রাণ)” হিসাবে দায়িত্ব পালন করবেন। মোকদ্দমার সর্বশেষ আদেশ প্রাপ্তির পরে এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

উল্লেখ্য বর্তমানে উক্ত প্রতিষ্ঠানে কোন ধরনের কমিটি না থাকায় এ সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী বিধায় আপনার সহযোগীতা প্রয়োজন।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

উপ-বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক

জেলা শিক্ষা অফিসার
ঢাকা।

মেমো নং- ৪৪৪(৭)

তারিখ: ২৮ - ০৪ - ২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

৩। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।

৪। জেলা প্রশাসক, ঢাকা।

৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।

৬। পি.এস.টি.চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

৭। অফিস কপি।

২৮/০৪/২০২২
উপ-বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

২৮/০৪/২০২২